দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...

কলাম ...

## শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট পুনর্গঠনের দাবী

শিক্ষক কর্মচারী ঐক্যজোটের পক্ষে অধ্যাপক এম শরীফুল ইসলাম, মোঃ সেলিম ভুঁইয়া গত বৃহস্পতিবার এক বিবৃতিতে শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের কমিটি পুনর্গঠনের দাবী জানাইয়াছে। বিবৃতিতে বলা হয়, বেতনের সরকারী অংশ পান না এমন একজন শিক্ষক নেতাকে কল্যাণ ট্রাস্টের সদস্য করিয়া সাবেক শিক্ষামন্ত্রী কল্যাণ ট্রাস্টকে দলীয়করণ করিয়াছিলেন। সাবেক শিক্ষামন্ত্রীর তোষামোদকারী একজন ব্যক্তিকে ট্রাস্টের সদস্য সচিব করা হইয়াছিল।